Time Taken

00:00

Mark Gained

1.তৎসম শব্দ কোনটি?

a. পেয়ালা

b. পির

c. পোশাক

d. সূর্য

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: 'সূর্য' তৎসম শব্দ।
পেয়ালা= ফারসি পির= ফারসি পোশাক= ফারসি
তৎসম শব্দ চেনার একটি উপায় হচ্ছে, বাংলা বানানের নিয়মানুযায়ী ঈ, ঊ, ঋ এবং এ তিনটি বর্ণের কার চিহ্ন ( ী, ূ, ৃ) যুক্ত সব শব্দই তৎসম শব্দ।

2.তৎসম শব্দ কোনটি?

a. ইমান

b. দারোগা

c. দোজখ

d. ঋণ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: 'ঋণ' তৎসম শব্দ। প্রমিত বাংলা বানানের নিয়মানুযায়ী ঈ, ঊ, ঋ এবং এ তিনটি বর্ণের কার চিহ্ন ( ী, ূ, ৃ) যুক্ত সব শব্দই তৎসম শব্দ।
ইমান= আরবি শব্দ, দোজখ= ফারসি শব্দ, দারোগা= ফারসি শব্দ।

## 3.নিচের কোনটি মুন্ডারী ভাষার শব্দ?

a. পেট

b. চুলা

c. চাকু

d. চাকর

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: 'চুলা' মুন্ডারী ভাষার শব্দ। বাংলাদেশের আদিম অধিবাসীদের (কোল, মুণ্ডা) ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে, এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা যায়। অনার্য জাতির ব্যবহৃত শব্দও দেশি শব্দ । যেমন - কোলভাষা : কুড়ি (বিশ) তামিল ভাষা : পেট (উদর ) মুণ্ডারী ভাষা : চুলা (উনুন)।

## 4.কোনগুলো দেশি শব্দ নয়?

a. কুড়ি, পেট

b. বোতল, বারুদ

c. কুলা, চুলা

d. ডিঙি, চিংড়ি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: বোতল, বারুদ- এগুলো দেশি শব্দ নয়। বোতল- পোর্তুগিজ শব্দ । বারুদ- তুর্কি শব্দ ।

5.'ঔ' যৌগিক স্বরধ্বনিটিকে বিশ্লেষণ করলে নিচের কোনটি পাওয়া যায়?

a. ক) অ + ই

b. খ) ও + উ্

c. গ) আ + উ

d. ঘ) উ + ই

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: খ) ও + উ্
ব্যাখ্যা: বাংলা বর্ণমালায় দুটি দ্বিস্বরধ্বনির জন্য আলাদা বর্ণ নির্ধারিত আছে, যথা - ঐ এবং ঔ।
ঐ - এর মধ্যে দুটি ধ্বনি আছে, একটি পূর্ণ স্বরধ্বনি ও এবং একটি অর্ধ স্বরধ্বনি ই্ অর্থ্যাৎ, ঐ = ও + ই্। একই ভাবে ঔ- এর মধ্যে রয়েছে একটি পূর্ণ স্বরধ্বনি ও এবং একটি অর্ধ স্বরধ্বনি উ্ অর্থ্যাৎ ঔ = ও + উ্।

6.'বর্জন' সন্ধি বিচ্ছেদ-

a. বৃজ্ +অন

b. ব+অর্জন

c. বুজ+অর্জন

d. বর+জন

Show Answer Show Explanation

Explanation: উত্তর: বৃজ্+অন ব্যাখ্যা: 'বর্জন' শব্দের সন্ধি-বিচ্ছেদ হয়েছে নিম্নোক্ত নিয়মেঃ *** নিয়মঃ অ-কার/ আ-কার + ঋ-কার = অর। যেমন- দেব + ঋষি = দেবর্ষি মহা + ঋষি = মহর্ষি অধম + ঋণ = অধমর্ণ এরূপ- উত্তমর্ণ, সপ্তর্ষি ইত্যাদি।

7.'উৎ+শ্বাস'- এটি কোন সন্ধি?

a. নিপাতনে সিদ্ধ

b. স্বরসন্ধি

c. ব্যঞ্জনসন্ধি

d. জটিল সন্ধি

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ব্যঞ্জনসন্ধি ব্যাখ্যা: উৎ+শ্বাস= উচ্ছ্বাস; এটি নিম্নোক্ত নিয়মে গঠিত- *** নিয়মঃ- ত ও দ এরপর শ থাকলে, ত ও দ এর স্থলে চ এবং শ- এর স্থলে ছ উচ্চারিত হয়। যেমন; চলৎ + শক্তি = চলচ্ছক্তি উৎ + শৃঙ্খল = উচ্ছৃঙ্খল ইত্যাদি।

8.'ষষ্ঠ'- শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

a. ষষ্+থ

b. ষষঃ+ঠ

c. ষষঃ+থ

d. কোনটিই নয়

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ষষ্+থ

9.উপরি + উপরি সন্ধি সাধিত শব্দ কোনটি?

a. উপর্যুপরি

b. উপর্যপরি

c. উপরিউপার

d. পুনরপি

Show Answer Show Explanation

Explanation: উত্তর: উপর্যুপরি

10.'আগ্নেয়' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?

a. ক) অগ্নি + এয়

b. খ) অগ্নি + কার

c. গ) অগি + নয়

d. ঘ) অগ্নি + ষ্ণেয়

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ঘ) অগ্নি + ষ্ণেয়। ব্যাখ্যা: 'আগ্নেয়' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় হচ্ছে- অগ্নি + ষ্ণেয়। উৎসঃ শীকর বাংলা প্রশ্ন-পাঠ, মোহসীনা নাজিলা।

11.‘চলন্ত’ একটি-

a. কৃদন্ত শব্দ

b. তদ্ধিত প্রত্যয়

c. তদ্ধিদান্ত শব্দ

d. কোনটি নয়

Show Answer Show Explanation

Explanation: উত্তর: কৃদন্ত শব্দ ব্যাখ্যা: কৃৎ প্রত্যয় সাধিত শব্দকে কৃদন্ত শব্দ বলে। যেমন; চলন্ত, ডুবন্ত, উক্ত, মুক্ত, নায়ক, গায়ক ইত্যাদি।

12.'দম্পতি' কোন প্রকার দ্বন্দ্ব সমাসের উদাহরণ?

a. ক) বহুপদবিশিষ্ট দ্বন্দ্ব

b. খ) সমার্থক দ্বন্দ্ব

c. গ) একশেষ দ্বন্দ্ব

d. ঘ) অলুক দ্বন্দ্ব

Show Answer Show Explanation

Explanation: উত্তর: গ) একশেষ দ্বন্দ্ব ব্যাখ্যা: একশেষ দ্বন্দ্ব : যে সমাসে অন্যান্য পদের বিলুপ্তি ঘটিয়ে প্রধান পদটির সঙ্গে শেষপদটির সামঞ্জস্য রচিত হলে তাকে বলা হয় একশেষ দ্বন্দ্ব। যেমন- - জায়া ও পতি = দম্পতি, - তুমি ও সে = তোমরা ইত্যাদি। উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

13.নিচের কোনটি সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের উদাহরণ?

a. চৌরাস্তা

b. চারহাতি

c. চতুর্ভুজ

d. ত্রিপদী

Show Answer Show Explanation

Explanation: উত্তর:চারহাতি ব্যাখ্যা: দ্বিগু বনাম বহুব্রীহি-বিভ্রান্তি দূরীকরণ: ✻ দ্বিগু সমাস: যে সমাসে সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমাহার বোঝায় এবং পরপদের অর্থই প্রাধান্য পায় তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। ✻ বহুব্রীহি সমাস: সমস্তপদে কোনো পদের প্রাধান্য থাকবেনা, বরং তৃতীয় পদের অর্থের প্রাধান্য পাবে। ✎সংখ্যাবাচক বহুব্রীহি: পূর্বপদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য হলে এবং সমস্তপদটি বিশেষণ বোঝালে তাকে সংখ্যাবাচক বহুব্রীহি বলা হয়। এ সমাসে সমস্তপদে আ, ই, ঈ যুক্ত হয়। যেমন: ⋆দশ গজ পরিমাণ যার= দশগজি ⋆চৌ (চার) চাল যে ঘরের= চৌচালা দ্বিগু সমাসের পূর্বপদে সংখ্যাবাচক বিশেষণ পদ ও পরপদে বিশেষ্য পদ থাকে। সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের ক্ষেত্রেও তাই। এই কারণে এই দুই সমাসের পার্থক্য নিরূপণ করা অনেক সময় কঠিন হয়ে পড়ে। দ্বিগু ও বহুব্রীহি সমাসের পার্থক্য নির্ণয় করার জন্য আমাদের সমস্তপদের অর্থটি খেয়াল করতে হবে। দ্বিগু সমাসে পরপদের অর্থ প্রধান হয়, অপরদিকে বহুব্রীহি সমাসে অন্য পদের অর্থ প্রাধান্য পায়। যেমন: 'ত্রিফলা' বললে তিনটি

ফলের সমাহার বোঝায়। এখানে ফলের অর্থই প্রধান। পঞ্চ গব্যের সমাহার= পঞ্চগব্য, তিন কড়ির বিনিময়ে কেনা= তিনকড়ি। কিন্তু 'পঞ্চানন' বললে পঞ্চ আনন যাঁর, অর্থাৎ শিবকে বোঝায়। দশ ভুজ যাঁর= দশভুজা। দশভুজা মানে দুর্গা।

## 14.'অধরপল্লব' কোন সমাসের উদাহরণ?

a. তৎপুরুষ

b. বহুব্রীহি

c. কর্মধারয়

d. দ্বন্দ্ব

Show Answer Show Explanation

Explanation: উত্তর:কর্মধারয় ব্যাখ্যা: উপমান কর্মধারয় সমাস চেনার উপায়: যদি ২টি শব্দ তুলনা করা যায় তবে সেটি হবে উপমান কর্মধারয় সমাস। যেমন: ☞ তুষারশুভ্র: তুষার মানে বরফ, আর শুভ্র মানে সাদা। বরফ তো দেখতে সাদা। তাহলে তো এটি তুলনা করা যায়। অতএব এটি উপমান কর্মধারয়। ☞ কাজলকালো: কাজল দেখতে তো কালো রঙেরই হয়। তার মানে তুলনা করা যাচ্ছে। অতএব এটি উপমান কর্মধারয়। ✎ উপমিত কর্মধারয় চেনার উপায়: সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় বলে। এ সমাসের দুটো পদই বিশেষ্য হয়। অর্থাৎ, গুণ বা বিশেষণ উল্লেখ না করে যার সাথে তুলনা করা হয়, এবং যাকে তুলনা করা হয় সে দুটোর উল্ল্যেখ থাকবে। এক্ষেত্রে সাধারণ গুণটি ব্যাসবাক্য বা সমস্ত পদে থাকেনা বরং অনুমান করে নেয়া হয়। যেমন: ☞ চন্দ্রমুখ মুখ কি কখনো চাঁদের মতো হতে পারে, নাকি চাঁদ কখনো মুখের মতো হতে পারে? কোনোটাই কোনোটার মতো হতে পারেনা। অর্থাৎ তুলনা করা যাচ্ছে না। অতএব এটি উপমিত কর্মধারয় সমাস। অনুরূপ: চরণকমল, পদ্মলোচন, ফুলকুমারী। ✎ রূপক কর্মধারয় সমাস চেনার উপায়: অদৃশ্যমান+দৃশ্যমান যেমন: ☞ বিষাদসিন্ধু= বিষাদ রূপ সিন্ধু ☞ মনমাঝি= মন রূপ মাঝি ☞ ক্রোধানল= ক্রোধ রূপ অনল সমস্যমান পদে 'রূপ' অথবা 'ই' যুক্ত করে ব্যাসবাক্য গঠন করা হয়।যেহেতু এখানে রূপ কথাটি আছে, অতএব এটি রূপক কর্মধারয় সমাস। ➧ ব্যাতিক্রম: দেহঘড়ি, দেহপিঞ্জর, কায়াতরু। কারণ: দেহ ও কায়া চোখে দেখা যায়।

## 15.তৃতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?

a. ক) বিলাতফেরত

b. খ) দেশসেবা

c. গ) বিয়েপাগলা

d. ঘ) লাঠিখেলা

Show Answer Show Explanation

Explanation: উত্তর:ঘ) লাঠিখেলা ব্যাখ্যা: তৃতীয়া তৎপুরুষ সমাস: যে তৎপুরুষ সমাসে পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক, তে ইত্যাদি) লোপ পায়, তাকে বলা হয় তৃতীয়া তৎপুরুষ সমাস। যেমন- - মধু দিয়ে মাখা = মধুমাখা, - শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ, - বস্ত্র দ্বারা আচ্ছাদিত = বস্ত্রাচ্ছাদিত, - লাঠি দ্বারা খেলা = লাঠিখেলা, - রক্ত দ্বারা সিক্ত = রক্তসিক্ত, - স্নেহ দ্বারা অন্ধ = স্নেহান্ধ - ধামা দ্বারা চাপা = ধামাচাপা, - অস্ত্র দ্বারা উপচার = অস্ত্রোপাচার, - জরা দ্বারা জীর্ণ = জরাজীর্ণ, প্রভৃতি। বিয়ের জন্য পাগলা = বিয়েপাগলা - চতুর্থী তৎপুরুষ সমাস বিলাত থেকে ফেরত = বিলাতফেরত - পঞ্চমী তৎপুরুষ সমাস দেশের সেবা = দেশসেবা - ষষ্ঠী তৎপুরুষ সমাস উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

16.'আকাল' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?

a. দেশি উপসর্গ যোগে

b. বিদেশি উপসর্গ যোগে

c. সংস্কৃত উপসর্গ যোগে

d. কোনটি নয়

Show Answer Show Explanation

Explanation: উত্তর: দেশি উপসর্গ যোগে ব্যাখ্যা: 'আ' উপসর্গ: ❒ বাংলা উপসর্গ হিসেবে যেসব অর্থদ্যোতকতা দেয়: ☑ অভাব= আকাঁড়া, আধোয়া, আলুনি, ☑ বাজে, নিকৃষ্ট= আকাঠা, আগাছা। ❒ তৎসম উপসর্গ হিসেবে যেসব অর্থদ্যোতকতা দেয়: ☑ পর্যন্ত= আকণ্ঠ, আমরণ, আসমুদ্র ☑ ঈষৎ= আরক্ত, আভাস ☑ বিপরীত= আদান, আগমণ

17.হরকিসিম' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?

a. উর্দু

b. আরবি

c. ফারসি

d. সংস্কৃত

Show Answer Show Explanation

Explanation: উত্তর: উর্দু ব্যাখ্যা: হররোজ, হরমাহিনা, হরকিসিম, হরহামেশা প্রত্যেক অর্থে উর্দু-হিন্দি উপসর্গ যোগে গঠিত

18.বাংলা ভাষার নিকট আত্মীয় কোনটি?

a. হিন্দি

b. সিংহলি

c. ওড়িয়া

d. মাগধি

Show Answer Show Explanation

Answer: c

19.বাংলা ভাষার উৎসমূল বলা হয় কোন ভাষাকে?

a. আর্য ভাষা

b. গৌড়ীয় ভাষা

c. সংস্কৃত ভাষা

d. ইন্দো-ইউরোপীয় ভাষা

Show Answer Show Explanation

Answer: d

20.ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃত কোনটি?

a. অহমিয়া

b. মৈথিলী

c. সংস্কৃত

d. হিন্দি

Show Answer Show Explanation

Answer: c

21.বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?

a. ব্রাহ্মী

b. কুটিল

c. মণিপুরি

d. বাংলা

Show Answer Show Explanation

Answer: d

22.প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা -

a. উইলিয়াম কেরি

b. নাথানিয়েল ব্র্যাসি হ্যালহেড

c. মনোএল দ্যা আসসুম্পসাঁউ

d. রাজা রামমোহন রায়

Show Answer Show Explanation

Answer: c

23.বাংলা ভাষায় রচিত প্রথম ব্যাকরণ কত সালে প্রকাশিত হয়?

a. ১৭৩৩ সালে

b. ১৮৩৩ সালে

c. ১৮৩২ সালে

d. ১৮৩১ সালে

Show Answer

Answer: b

24.'বাচ্য' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?

a. বাক্যতত্ত্ব

b. অর্থতত্ত্ব

c. ধ্বনিতত্ত্ব

d. রূপতত্ত্ব

Show Answer

Answer: a

25.ব্যাকরণের অর্থতত্ত্বের আলোচ্য বিষয় নিচের কোনটি?

a. যতিচিহ্ন

b. ক্রিয়াবিশেষণ

c. স্বরযন্ত্র

d. শব্দজোড়

Show Answer

Answer: d

26.ইংরেজি ভাষায় লেখা প্রথম বাংলা ব্যাকরণ রচয়িতা -

a. উইলিয়াম কেরি

b. এন বি হ্যালহেড

c. মনোএল দ্যা আসসুম্পাসাঁও

d. হরপ্রসাদ শাস্ত্রী

Show Answer Show Explanation

Answer: b

27.বাগযন্ত্রের সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ -

a. ওষ্ঠ

b. জিভ

c. দন্ত

d. মূর্ধা

Show Answer

Answer: b

28.এ, ও কোন ধরণের স্বরধ্বনি?

a. নিম্ন মধ্য স্বরধ্বনি

b. উচ্চ স্বরধ্বনি

c. উচ্চ মধ্য স্বরধ্বনি

d. নিম্ন স্বরধ্বনি

Show Answer Show Explanation

Answer: c

29.নিম্ন বিবৃত স্বরধ্বনি কোনটি?

a. অ্যা

b. ই

c. এ

d. আ

Show Answer

Answer: d

30.তাড়িত ব্যঞ্জনধ্বনি কোনটি?

a. ড

b. র

c. ড়

d. ম

Show Answer

Answer: c

P2A

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved